রেজিস্টার্ড এ/ডি সহযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৬.২২- ৯৫৬

তারিখ : ০৫ বৈশাখ ১৪৩০
১৮ এপ্রিল ২০২৩

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আশরাফুজ্জামান (পরিচিতি নম্বর ৬০২১৬৪), নির্বাহী প্রকৌশলী, সওজ, নড়াইল সড়ক বিভাগ, নড়াইল (সাবেক নির্বাহী প্রকৌশলী, সওজ, বগুড়া সড়ক বিভাগ, বগুড়া) "সিরাজগঞ্জ-কাজিপুর-ধুনট-শেরপুর (জেড-৫৪০১) এবং সিরাজগঞ্জ (বাগবাটি)-ধুনট (সোনামুখী) (জেড-৫৪০৫) মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ" শীর্ষক উন্নয়ন প্রকল্পের কাজে নির্বাহী প্রকৌশলী হিসেবে ডিপিপি প্রণয়নের সাথে জড়িত ছিলেন;

এবং

যেহেতু, গত ১৬-০১-২০২২ তারিখে "সিরাজগঞ্জ-কাজিপুর-ধুনট-শেরপুর (জেড-৫৪০১) এবং সিরাজগঞ্জ (বাগবাটি)-ধুনট (সোনামুখী) (জেড-৫৪০৫) মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ" শীর্ষক উন্নয়ন প্রকল্পের ডিপিপি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত পর্যালোচনা সভায় প্রকল্পটির ডিপিপি প্রণয়ন এবং সার্বিক বিষয় নিয়ে আলোচনা হয়। আলোচনায় দেখা যায় প্রকল্পটির অনুমোদন পরবর্তী সময়ে ভূমি অধিগ্রহণের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে সড়ক বিভাগ সিরাজগঞ্জ অংশে সিরাজগঞ্জ-কাজিপুর-ধুনট-শেরপুর (জেড-৫৪০১) সড়কের প্রস্তাবিত এলাইনমেন্টের '৩টি' এবং সিরাজগঞ্জ (বাগবাটি)-ধুনট (সোনামুখী) (জেড-৫৪০৫) সড়কের প্রস্তাবিত এলাইনমেন্টের ১১টি মৌজাসহ সর্বমোট ১৪টি মৌজার নাম ডিপিপিতে নেই। এছাড়া ৩টি মৌজা প্রয়োজনের অতিরিক্ত অন্তর্ভুক্ত হয়েছে। বাদপড়া মৌজার প্রয়োজনীয় ভূমি অন্তর্ভুক্ত করে এবং অতিরিক্ত অন্তর্ভুক্ত জমি বাদ দিয়ে সড়ক বিভাগ, সিরাজগঞ্জ অংশে এজন্য ২৩.০০ একর ভূমি এবং সড়ক বিভাগ, বগুড়া অংশে ৫.২৩০ একর ভূমি প্রয়োজন হবে। তাই অতিরিক্ত অন্তর্ভুক্ত মৌজা (৩টি) বাদ দিয়ে বাদপড়া মৌজা (১৪টি) অন্তর্ভুক্তির কারণে ডিপিপি সংশোধন করে ভূমি অধিগ্রহণের প্রস্তাব করা হয়েছে;

এবং

যেহেতু, তিনি নির্বাহী প্রকৌশলী হিসেবে ডিপিপি প্রণয়নের সময় এর অঙ্গসমূহ সঠিকভাবে যাচাই করেননি বা যাচাইয়ের জন্য সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেননি। ফলে প্রকল্পের ডিজাইনও যথাযথভাবে প্রণীত হয়নি। মূল ডিপিপিতে প্রকল্পের অধীনে ৭৬.৭০ কি:মি: অংশের মধ্যে ১০/১২টি বড় বাজার আছে এবং ৬টি বাজার অংশে মোট ২০০০.০০ মিটার Rigid Pavement রয়েছে। ভবিষ্যতে প্রধান বাজারগুলোর পেভমেন্ট টেকসই করার নিমিত্ত এবং ক্রমবর্ধমান বাজার এলাকার দৈর্ঘ্য বৃদ্ধি পাওয়ায় প্রকল্পটির আওতায় ১৮০০.০০ মিটার অতিরিক্ত Rigid Pavement নির্মাণ করা প্রয়োজন। যার জন্য অতিরিক্ত ৫৭০.০০ লক্ষ টাকা প্রয়োজন;

এবং

যেহেতু সড়কটি বন্যাপ্রবণ এলাকা ও যমুনা নদীর তীরবর্তী হওয়ায় ডিপিপিতে যে পরিমাণ কনক্রিট স্লোপ প্রটেকশন ধরা আছে তার চেয়ে সিরাজগঞ্জ অংশে আরো অতিরিক্ত ৮৮০০.০০ বর্গমিটার এবং বগুড়া অংশে ২৪০০০.০০ বর্গমিটার সর্বমোট ৩২৮০০.০০ বর্গমিটার কনক্রিট রক্ষাপ্রদ কাজের প্রয়োজন হবে। এছাড়া সড়ক বিভাগ, বগুড়া অংশের প্যাকেজ নং-০৯ এবং ১০ এ অতিরিক্ত আরসিসি রিটেইনিং ওয়াল ২৪০০.০০ মিটার এবং ব্রিক টো-ওয়ান ৩০০০.০০ মিটার প্রয়োজন। এছাড়া বিদ্যমান কালভার্টের চেয়ে সড়ক প্রশস্ততা বৃদ্ধি পাওয়ায় ৩টি কালভার্ট প্রশস্তকরণ প্রয়োজন। নিরাপদ ও সহজ ট্রাফিক ব্যবস্থার লক্ষ্যে আধুনিক ও দৃষ্টিনন্দন ট্রাফিক সাইন স্থাপনের জন্য নতুন একটি প্যাকেজ অন্তর্ভুক্তির প্রয়োজন হবে;

এবং

যেহেতু, এ প্রেক্ষিতে গত ১৫-০৬-২০২২ তারিখে তার নিকট ব্যাখ্যা চাওয়া হয়। তিনি লিখিত জবাবে এতদবিষয়ে চাহিত ব্যাখ্যায় নিজের ভুল স্বীকার করে দুঃখ প্রকাশ করেন। কিন্তু তার ব্যাখ্যা সন্তোষজনক নয় মর্মে নির্বাহী প্রকৌশলী হিসেবে দায়িত্ব পালনে এহেন গাফলতি ও অবহেলার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের দায়ে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ০৭/২০২২ রুজু করা হয়;

এবং

যেহেতু, উক্তরুপ কার্যকলাপের জন্য কেন তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক চাকুরী থেকে বরখাস্ত করা হবে না বা উপযুক্ত অন্য কোনো শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কিছু জ্ঞাত করাতে চান কি-না, কিংবা তার বক্তব্যের সমর্থনে কোনো সাক্ষ্য প্রমান উপস্থাপন করতে চান কি-না তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, তিনি গত ০৮-০৯-২০২২ তারিখে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর ইচ্ছা পোষণ করেন। সে প্রেক্ষিতে গত ১৯-১০-২০২২ তারিখে তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। লিখিত জবাব ও শুনানীকালে প্রদত্ত বক্তব্য বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের যুগ্মসচিব, জনাব মোস্তাইন বিল্লাহ-কে গত ১৯-১০-২০২২ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

অঃপৃঃদ্রঃ-

সিনিয়র সিস্টেম এনালিস্ট
- সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
- নথি
ডাইরি নং ৪৮৩
তারিখ ২৫/০৪/২০২৩

D:\BY NAME\সিরাজগঞ্জ-কাজিপুর-ধুনট-শেরপুর\Md. Ashrafuzzaman, Norail.docx-39

এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ আশরাফুজ্জামান (পরিচিতি নম্বর ৬০২১৬৪), নির্বাহী প্রকৌশলী, সওজ, নড়াইল সড়ক বিভাগ, নড়াইল (সাবেক নির্বাহী প্রকৌশলী, সওজ, বগুড়া সড়ক বিভাগ, বগুড়া) এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক গত ১০-০১-২০২৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করে;

এবং

যেহেতু, তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তদন্ত প্রতিবেদনের কপিসহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিতে বর্ণিত 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩) বিধিতে উল্লিখিত যে কোন গুরুদন্ড আরোপ করা হবে না সে সম্পর্কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ ৭(৯) বিধি মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিত জবাব দেয়ার জন্য তাকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়। তিনি গত ১৪-০২-২০২৩ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব প্রেরণ করেছেন;

এবং

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদন ও দ্বিতীয় কারণ দর্শানোর জবাব পর্যালোচনা করে দেখা যায় তিনি ডিপিপি'র সিরাজগঞ্জ অংশের ভূমি অধিগ্রহণের সঙ্গে জড়িত ছিলেন না। বগুড়া অংশের কাজের কোন আইটেমও বৃদ্ধি পায়নি। ডিপিপিতে বগুড়া অংশ যথাযথ ছিল এবং ঐ অংশের জন্য সরকারের কোন আর্থিক ক্ষতি হয়নি।

সেহেতু, এক্ষণে জনাব মোঃ আশরাফুজ্জামান (পরিচিতি নম্বর ৬০২১৬৪), নির্বাহী প্রকৌশলী, সওজ, নড়াইল সড়ক বিভাগ, নড়াইল (সাবেক নির্বাহী প্রকৌশলী, সওজ, বগুড়া সড়ক বিভাগ, বগুড়া) এর বিরুদ্ধে আনীত ত্রুটিপূর্ণ ডিপিপি প্রণয়নের অভিযোগ, তদন্ত প্রতিবেদন ও দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব পর্যালোচনায় "সিরাজগঞ্জ-কাজিপুর-ধুনট-শেরপুর (জেড-৫৪০১) এবং সিরাজগঞ্জ (বাগবাটি)-ধুনট (সোনামুখী) (জেড-৫৪০৫) মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ" শীর্ষক উন্নয়ন প্রকল্পের বগুড়া অংশে কোন ত্রুটি পরিলক্ষিত না হওয়ায় এবং ঐ অংশের জন্য সরকারের কোন আর্থিক ক্ষতি না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার (নম্বর ০৭/২০২২) দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৮.৪.২০২৩

(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৬.২২-১৩৬/১(১৪)

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩০ / ১৮ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা ঢাকা
০৬. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার তাঁর PDS-এ অন্তর্ভুক্ত করার অনুরোধসহ)
০৭. অতিরিক্ত সচিব/ অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৯. উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি তাঁর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ)
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৪. জনাব মোঃ আশরাফুজ্জামান (পরিচিতি নম্বর ৬০২১৬৪), নির্বাহী প্রকৌশলী, সওজ, নড়াইল সড়ক বিভাগ, নড়াইল (সাবেক নির্বাহী প্রকৌশলী, সওজ, বগুড়া সড়ক বিভাগ, বগুড়া)

১৮/০৪/২০২৩

(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৯৫৬০৯৬৬